





# ‘মুজিববর্ষে গাছ রোপণ - পরিবেশের সংরক্ষণ’ শীর্ষক প্রকল্প ভিত্তিক শিখন কার্যক্রম সম্পর্কিত তথ্য ছক পূরণের নির্দেশিকা

সকল তথ্য অবশ্যই ইংরেজিতে পূরণ করতে হবে।


**ধাপ-১: শিক্ষা প্রতিষ্ঠান তথ্য এন্ট্রি দেবে।**


বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে তার উপজেলা/থানার USEO/TSEO একটি এক্সেল ফাইল প্রদান করবেন। উক্ত ফাইলটিকে কম্পিউটারে (ডেস্কটপ / ল্যাপটপ) সেভ করে প্রথমে ফাইলটিকে নিজ প্রতিষ্ঠানের নামে রিনেম করে নিতে হবে। উদাহরণ হিসাবে মনে করি আপনার প্রতিষ্ঠানের নাম “গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল”। তাহলে আপনি USEO/TSEO এর কাছ থেকে প্রাপ্ত এক্সেল ফাইলটিকে “Government Laboratory School” এই নামে রিনেম করবেন।

| | |
|---|---|
|  | ফাইলটি কম্পিউটারের যে কোন এক জায়গায় রেখে ফাইলটির উপর মাউসের ডান (Right) বাটন ক্লিক করলে পাশের চিত্রের মেনু মতো দেখতে পারবেন। মেনুর নিজের দিকে লক্ষ্য করুন (লাল চিহ্নিত) এবং সেখানের “Rename” লেখাটিতে এখন মাউস ক্লিক করুন (বাম বাটনে ক্লিক)। |
| | |
|  | উপরের নিয়মে Rename-এ ক্লিক করার পর পাশের চিত্রের ন্যায় দেখতে পাবেন। |
|  | এখন আপনি ফাইলটির নাম আপনার প্রতিষ্ঠানের নামে, যেমন: Government Laboratory School এটা লিখুন এবং কম্পিউটারের কিবোর্ডের Enter চাপুন।<br>**উল্লেখ্য:** ফাইলের নামের সাথে থাকা .xlsx এই অংশটুকু কোনভাবেই পরিবর্তন করবেন না, করলে ফাইল আর ওপেন হবে না। |
| | |
|  | ফাইলটি ওপেন হলে চিত্রের ন্যায় দেখতে পাবেন। আপনার কম্পিউটার স্ক্রিনের সাইজ ও রেজুলেশনের তারতম্য অনুযায়ী হয়তো সকল কলাম একসাথে নাও দেখা যেতে পারে। এক্ষেত্রে চিত্রে দেখানো হরাইজন্টাল স্ক্রল বার (লাল চিহ্নিত) খুব ধীরে মাউস দিয়ে ডানে/বামে নাড়াচাড়া করুন। |
| | |





প্রথম কলামটি Education Zone. এখানে ক্লিক করলে কার্সরের ডানপাশে খুব ছোট একটি অ্যারো/তীর চিহ্ন দেখতে পাবেন। ওখানে ক্লিক করলে আপনি ৯টি শিক্ষা আঞ্চলের নামের তালিকা দেখতে পাবেন। আপনি আপনার সংশ্লিষ্ট শিক্ষা অঞ্চলকে সিলেক্ট করবেন।





এরপর বাকি কলামগুলো আপনার বিদ্যালয় অনুযায়ী পূরণ করবেন। এখানে লক্ষ্য করুন, Shift কলামে ক্লিককরলে/কার্সার রাখলে সেখানেও একটি অ্যারো/তীর চিহ্ন আসবে। আপনি আপনার অপশন অনুযায়ী Morning, Day কিংবা কোন শিফট না থাকলে N/A আপশনটি সিলেক্ট করবেন।




এরপর Section থাকলে সেকশনের নাম লিখবেন, না থাকলে ফাকা রাখবেন। তারপর রোপনকৃত গাছের নাম ইংরেজিতে লিখতে হবে। এরপরের কলামগুলো আবার অপশন সিলেক্ট করতে হবে। যেমন Rose এর জন্য রোপনকৃত গাছের ধরণ হবে Flowers. অনুরূপভাবে কোথায় রোপন করা হয়েছে কলাম থেকে শিক্ষার্থীর গাছ লাগানোর স্থানের অপশনটি নির্বাচন করতে হবে।




তারিখের ক্ষেত্রে ফরম্যাটটি হবে- আগে ৪ সংখ্যার বছর তারপর হাইফেন (-)দিয়ে ২ সংখ্যার মাস এবং সর্বশেষ আবার হাইফেন দিয়ে ২ সংখ্যার দিন লিখতে হবে। যেমন ১২ সেপ্টেম্বর ২০২১ হলে লিখতে হবে 2021-07-12

যদি অন্যকিছু লেখা হয়, তবে error মেসেজ দেখাবে।


এরপর যথারীতি বাকি ঘরগুলোতে নির্দিষ্ট অপশন সিলেক্ট করতে হবে।

উপরে বর্ণিত নিয়মে একটি স্কুলের ষষ্ঠ শ্রেণির সকল শিক্ষার্থীদের গাছরোপনের তথ্য এই এক্সেল শিটে এন্ট্রি দিতে হবে। অতঃপর ফাইলটি শিক্ষা প্রতিষ্ঠান নিজে সংরক্ষণ করবে এবং সংশ্লিষ্ট USEO/TSEO কে এই ফাইলটির প্রিন্ট এবং সফট- উভয় কপি সরবরাহ করবে।


উল্লেখ্য সরবরাহকৃত এক্সেল ফাইলটি কোনভাবে টেম্পার/পরিবর্তন করা যাবে না।


## ধাপ-২: USEO/TSEO গণের জন্য তথ্য কম্পাইল পদ্ধতি

মাঠপর্যায়ের কর্মকর্তাগণ তাদের সুবিধাজনক পদ্ধতিতে যেমন ইমেইল কিংবা পেনড্রাইভে/সিডিতে তার উপজেলা / থানার প্রতিটি স্কুল থেকে ১টি করে এক্সেল ফাইল সংগ্রহ করবেন। মনে করি ঢাকা জেলার ধানমন্ডি থানাতে মোট ৪০টি স্কুল রয়েছে। তাহলে এই থানার TSEO মোট ৪০টি এক্সেল ফাইল ৪০টি প্রতিষ্ঠানের নামে পাবেন। এই ৪০টি ফাইল কম্পাইলের পদ্ধতি হবে-




USEO/TSEO তার উপজেলা/থানার প্রথমে কম্পিউটারে একটি ফোল্ডার তৈরী করবেন এবং তার উপজেল / থানা থেকে সংগ্রহকরা সকল এক্সেল ফাইলগুলোকে সেখানে রাখবেন। এখন তিনি প্রতিটি ফাইল ওপেন করবেন এবং সেখান থেকে USEO ট্যাব থেকে তার সামারি তথ্যগুলোকে নোট করবেন।



| | A | B |
|---|---|---|
| 1 | Number of School | |
| 2 | Number of Class 6 Students | 1 |
| 3 | Total Number of Trees | 1 |
| 4 | Maintaining Diary | 1 |
| 5 | Properly Grown trees | 1 |
| 6 | Total Flower Trees | 1 |
| 7 | Total Fruits Trees | 0 |
| 8 | Total Spices Trees | 0 |
| 9 | Total Vigitables Trees | 0 |
| 10 | Total Others Trees | 0 |
| 11 | Total Roof planted trees | 0 |
| 12 | Toal Lown planted Trees | 0 |
| 13 | Total Tub/Pot planted Trees | 1 |

USEO ট্যাবে ক্লিক করার পর এই তথ্যগুলো দেখা যাবে। এরকম তার উপজেলার সকল ফাইলগুলো ওপেন করে এই সারসংক্ষেপগুলো যোগ করলেই গুগল ফর্মে সাবমিট করার প্রয়োজনীয় তথ্য কম্পাইল হয়ে যাবে।

০৩/১১/২০২১

**(মোহছেনা বেগম)**
সহকারী পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা